

নিরাপত্তা সেবা প্রত্যাশী সংস্থার জন্য

নিম্নোক্ত পদ্ধতি অবলম্বন করে কোনপ্রত্যাশী সংস্থা তাদের সংস্থার নিরাপত্তার জন্য আনসার অংগীভূত করতে পারেন (সশস্ত্র/নিরস্ত্র)।

(১) **আবেদনঃ** কোন প্রত্যাশী সংস্থা জেলা কমান্ড্যান্ট এর দপ্তরে সংরক্ষিত নির্দিষ্ট আবেদন ছক পূরণ করে তাঁদের দাপ্তরিক লেটার হেড প্যাডের সাথে সংযুক্ত করে জেলা কমান্ড্যান্ট এর দপ্তরে আনসার অংগীভূতির অনুরোধপত্র দাখিল করবেন।

(১-ক) আবেদন পত্রের সহিত আবশ্যিক সংযুক্তি সমূহ নিম্নরূপঃ

- মৌজা ম্যাপে জায়গা চিহ্নিত করণ।
- মৌজা ম্যাপে উল্লেখিত জায়গার সম্প্রসারিত স্কেচে, ভূমি, স্থাপনা এবং দায়িত্ব পূর্ণ এলাকার বিবরণী।
- আনসার সদস্যদের দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ।
- ভূমি অফিসের প্রত্যাশন পত্র (মালিকানা সংক্রান্ত)।
- ৩০০/- (তিন শত) টাকার নন- জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা।
- বাণিজ্যিক ক্ষেত্রে ট্রেড লাইসেন্স এবং ব্যবসা সংক্রান্ত সংশ্লিষ্ট দলিল-পত্রাদি।
- জমির মূল দলিল, পর্চা, খাজনা/ভূমি উন্নয়ন কর রশিদ ইত্যাদির সত্যায়িত ছায়ািলিপি।

(১-খ) বিভাগীয়পরিদর্শনঃ-

আনসার প্রত্যাশী সংস্থা বা প্রতিষ্ঠান কর্তৃক আবেদন ফরমে উল্লেখিত তথ্য-সমূহের সঠিকতা যাচাই কল্পে ও প্রস্তাবিত স্থানে আনসার অংগীভূত করা যাবে কিনা এ মর্মে সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার-ভিডিপি অফিসার পরিদর্শন পূর্বক জেলা কমান্ড্যান্ট এর বরাবর প্রতিবেদন দাখিল করবেন। পরবর্তীতে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী সদর দপ্তরের স্মারক নং- অপাঃ/কেপিআই/৮৯০(৩)/৪০১/আনস, তারিখঃ-০৩/০৪/২০১১ খ্রিঃ এর নির্দেশের আলোকে সহকারী জেলা কমান্ড্যান্ট আবেদিত স্থাপনা পরিদর্শন করে থাকেন।

উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তা এবং সহকারী জেলা কমান্ড্যান্ট কর্তৃক পরিদর্শন ইতিবাচক মতামত দাখিল হলে সংস্থায় আনসার মোতায়েন করার জন্য রেঞ্জ পরিচালক, ঢাকা মহোদয়ের মাধ্যমে সদর দপ্তর অপারেশন শাখায় অনুমোদন চাওয়া হয়।

(১-গ) চূড়ান্তমোতায়েনঃ

সদর দপ্তর অপারেশন শাখার অনুমোদনের আলোকে প্রত্যাশী সংস্থায় আনসার মোতায়েনের জন্য জেলা কমান্ড্যান্ট মহোদয় আদেশ জারী করেন।

(১-ঘ) সংস্থাহতেবেতনভাতাদিগ্রহণওপরিশোধঃ-

কোন সংস্থায় আনসার অংগীভূত করণের সিদ্ধান্ত গৃহীত হবার পর উক্ত সংস্থাকে নির্ধারিত হারে আনসারদের তিন মাসের বেতন - ভাতার সমপরিমাণ অর্থ অগ্রীম হিসাবে নগদ পে-অর্ডার/ব্যাংক ড্রাস্ট এর মাধ্যমে জেলা কমান্ড্যান্ট এর দপ্তরে জমা করতে হয়। এছাড়া মাসিক নিয়মিত ভাবে বেতন-ভাতাদি পরিশোধ করতে হয়। প্রতি বছর নির্ধারিত হারে দু'টি উৎসব বোনাস অংগীভূত আনসারদেরকে প্রদান করতে হয়।

(১-৬) ২০% এবং ১৫% আনুষঙ্গিক অর্থঃ

আনসার প্রত্যাশী সংস্থা প্রত্যেক অংগীভূত আনসার সদস্যের দৈনিক ভাতার ২০% অম্মসহ ক্যাম্পের ক্ষেত্রে এবং ১৫% (নিরম্ম ক্যাম্পের ক্ষেত্রে) আনুষঙ্গিক অর্থ হিসাবে জেলা কমান্ড্যান্ট এর নিকট প্রদান করবেন।

(১-৮) অংগীভূতির মেয়াদকালঃ

প্রত্যাশী সংস্থা কম পক্ষে তিন মাসের জন্য আনসার নিয়োগ করবেন। সশম্ম হলে কমপক্ষে ১০জন এবং নিরম্ম হলে কম পক্ষে ০৬ জন আনসার অংগীভূত করাই য়।

(২) প্রশিক্ষণ সংক্রান্তঃ-

(২-ক) আম্ম কর্মসংস্থান মূলক প্রশিক্ষণঃ

নিম্নোক্ত পদ্ধতিতে সারা বছর ব্যাপী আম্ম কর্ম সংস্থান মূলক প্রশিক্ষণে জেলা কার্যালয় হতে আনসার-ভিডিপি প্রশিক্ষণার্থী বাছাই ও প্রশিক্ষণ সম্পাদন করা হয়ে থাকেঃ

- আনসার-ভিডিপি সদর দপ্তরের প্রশিক্ষণ নির্দেশিকা অনুযায়ী জেলা কমান্ড্যান্ট আনসার-ভিডিপি সংশ্লিষ্ট উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তাদের প্রশিক্ষণার্থীর কোটা প্রদান করেন।
- প্রাপ্ত কোটা মোতাবেক উপজেলা/থানা আনসার-ভিডিপি কর্মকর্তাগণ ইউনিয়ন দলনেতা ও দলনেত্রীদের মাধ্যমে প্লাটুনভুক্ত সদস্য-সদস্যাদের মধ্য হতে যোগ্যতা সম্পন্ন প্রশিক্ষণার্থী প্রাথমিকভাবে বাছাই করে জেলা কমান্ড্যান্ট এর নিকট প্রেরণ করেন।
- জেলা কমান্ড্যান্ট উক্ত প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত বাছাই করে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করেন।